DueTap

ডিউট্যাপ ব্যবহার সহায়িকা

মার্কেটের দোকান ভাড়া ও বকেয়া আদায়ের ডিজিটাল সমাধান

মার্কেট মালিক · কালেক্টর · দোকানদার

সংস্করণ 2026.11 · duetap.com · 01805995662

সূচিপত্র

১. ভূমিকা
২. শুরু করা
৩. মার্কেট মালিকের গাইড
৪. কালেক্টরের গাইড
৫. দোকানদারের গাইড
৬. প্ল্যাটফর্ম অ্যাডমিনের গাইড
৭. সাধারণ সমস্যা ও সমাধান
৮. সাপোর্ট

১. ভূমিকা

ডিউট্যাপ (DueTap) একটি অনলাইন সিস্টেম, যা দিয়ে বাজার কমিটি, মার্কেট মালিক ও কমার্শিয়াল ভবনের ব্যবস্থাপনা দোকান ভাড়া ও বকেয়া আদায়ের পুরো কাজটি ডিজিটালভাবে করতে পারে: মাসিক বিল তৈরি, দোকানদারকে এসএমএস, কালেক্টরের আদায় ও রসিদ, বকেয়ার হিসাব এবং রিপোর্ট।

এই সহায়িকা চারটি ভূমিকার ব্যবহারকারীদের জন্য লেখা। আপনার ভূমিকা অনুযায়ী অধ্যায়টি পড়ুন:

ভূমিকা	কে	কী করতে পারেন
মার্কেট মালিক	কমিটির সভাপতি/সেক্রেটারি, মালিক বা ম্যানেজার	দোকান, দোকানদার, কর্মী, বিল, পেমেন্ট, রিপোর্ট, সেটিংস — সবকিছু
কালেক্টর	ভাড়া আদায়কারী কর্মী	নিজের দায়িত্বের দোকান দেখা, পেমেন্ট এন্ট্রি, রসিদ
দোকানদার	দোকানের ভাড়াটিয়া	নিজের বিল ও পেমেন্ট ইতিহাস দেখা, পিডিএফ ডাউনলোড, অভিযোগ, নোটিশ
প্ল্যাটফর্ম অ্যাডমিন	ডিউট্যাপ টিম	মার্কেট, প্ল্যান, সাবস্ক্রিপশন, এসএমএস গেটওয়ে ও ক্রেডিট

২. শুরু করা

২.১ অ্যাকাউন্ট খোলা (মার্কেট মালিক)

1. ব্রাউজারে **duetap.com** খুলে **“বিনামূল্যে শুরু করুন”** চাপুন।
2. মার্কেটের নাম, আপনার নাম, মোবাইল নম্বর, ইমেইল ও পাসওয়ার্ড দিন।
3. সাথে সাথে আপনার মার্কেট তৈরি হবে এবং **১৪ দিনের বিনামূল্যে ট্রায়াল** শুরু হবে। কোনো কার্ড বা অগ্রিম পেমেন্ট লাগে না।

ডিউট্যাপ টিমও আপনার হয়ে মার্কেট তৈরি করে দিতে পারে; সেক্ষেত্রে লগইন তথ্য আপনাকে ফোন বা হোয়াটসঅ্যাপে জানানো হবে।

২.২ লগইন

- লগইন পাতায় **ইমেইল অথবা মোবাইল নম্বর** এবং পাসওয়ার্ড দিন। মোবাইল নম্বর যেকোনো ফরম্যাটে দেওয়া যায় (01712345678 বা +8801712345678)।
- একই মোবাইল নম্বর যদি দুটি আলাদা মার্কেটে থাকে, তাহলে ইমেইল দিয়ে লগইন করতে বলা হবে।
- পাসওয়ার্ড ভুলে গেলে লগইন পাতায় **“পাসওয়ার্ড ভুলে গেছেন?”** চাপুন (ইমেইল থাকলে)। ইমেইল না থাকলে মার্কেট মালিক আপনার পাসওয়ার্ড রিসেট করে দিতে পারবেন।

২.৩ ভাষা পরিবর্তন

উপরের ডানদিকে ভাষার বোতাম থেকে যেকোনো সময় **বাংলা** ⇄ **English** বদলানো যায়। প্রতিটি ব্যবহারকারীর পছন্দ আলাদাভাবে মনে রাখা হয়।

২.৪ মোবাইলে অ্যাপ হিসেবে ব্যবহার

- **অ্যান্ড্রয়েড (Chrome):** সাইট খুললে নিচে “ডিউট্যাপ হোম স্ক্রিনে যোগ করুন” বার আসবে — **যোগ করুন** চাপুন। এরপর হোম স্ক্রিন থেকে অ্যাপের মতো খুলবে।
- **আইফোন (Safari):** নিচের **Share** বোতাম ⇧ **Add to Home Screen**।

- ইন্টারনেট না থাকলে “সংযোগ নেই” বার্তা দেখাবে; সংযোগ ফিরলে আবার চেষ্টা করুন।

৩. মার্কেট মালিকের গাইড

৩.১ ড্যাশবোর্ড

লগইনের পর ড্যাশবোর্ডে এক নজরে পাবেন: মোট দোকান (সক্রিয়/খালি), চলতি মাসের আদায়, মোট বকেয়া, চলতি মাসের বিলের অবস্থা, সাম্প্রতিক পেমেন্ট, অমীমাংসিত অভিযোগ ও মেয়াদোত্তীর্ণ বিল। ছয় মাসের আদায়ের ধারা গ্রাফে দেখা যায়।

ট্রায়াল বা সাবস্ক্রিপশনের মেয়াদ ৭ দিনের কম থাকলে এবং এসএমএস ক্রেডিট কম হলে ড্যাশবোর্ডের উপরে সতর্কবার্তা দেখাবে।

৩.২ প্রথম সেটআপ (ধাপে ধাপে)

1. **সেটিংস → মার্কেট তথ্য:** মার্কেটের নাম (বাংলা ও ইংরেজি), ঠিকানা, ফোন, ইমেইল ও লোগো দিন। লোগো বিল ও রসিদের পিডিএফে ছাপা হবে (PNG/JPG, সর্বোচ্চ ২ MB)।
2. **সেটিংস → বিল সেটিংস:** বিল নম্বরের প্রিফিক্স, পরিশোধের সময়সীমা (দিন), বিলম্ব ফি (%), গ্রেস পিরিয়ড। চাইলে প্রতি মাসের ১ তারিখে স্বয়ংক্রিয় বিল ও স্বয়ংক্রিয় রিমাইন্ডার এসএমএস চালু করুন।
3. **কর্মী (কালেক্টর) যুক্ত করুন** — অধ্যায় ৩.৫।
4. **দোকান যুক্ত করুন** — অধ্যায় ৩.৩। প্রতিটি দোকানে দোকানদারের মোবাইল নম্বর দিন, কারণ ওই নম্বরেই এসএমএস যাবে।
5. **পুরনো বকেয়া:** যেসব দোকানের আগের বকেয়া আছে, তাদের জন্য পুরনো মাসের একটি বিল তৈরি করে বকেয়ার পরিমাণ বসিয়ে দিন। পরের মাস থেকে বকেয়া নিজে থেকেই পরের বিলে যুক্ত হবে।

৩.৩ দোকান ব্যবস্থাপনা

দোকান → নতুন দোকান: দোকান নম্বর (মার্কেটে অনন্য), ফ্লোর, আয়তন, মাসিক ভাড়া, জামানত, ধরন (সাধারণ, খাবার, পোশাক, ইলেকট্রনিক্স, জুয়েলারি, ফার্মেসি, অন্যান্য) ও অবস্থা দিন।

- **অবস্থা:** সক্রিয় (বিল তৈরি হবে), খালি (বিল হবে না), স্থগিত (বিল হবে না)।
- **দোকানদার:** আগে থেকে থাকা দোকানদার বেছে নিন, অথবা একই ফর্মে নাম ও মোবাইল দিয়ে নতুন দোকানদারের লগইন তৈরি করুন।
- **কালেক্টর:** কোন কর্মী এই দোকানের ভাড়া আদায় করবেন তা নির্ধারণ করুন।
- আপনার প্ল্যানে দোকানের একটি সীমা থাকতে পারে (যেমন ৫০টি)। সীমা পূর্ণ হলে বার্তা দেখাবে; প্ল্যান আপগ্রেডের জন্য সাপোর্টে যোগাযোগ করুন।

৩.৪ দোকান মালিক (ভাড়াটিয়ার লগইন)

দোকান মালিক মেনু থেকে ভাড়াটিয়াদের লগইন তৈরি ও পরিচালনা করুন:

- নাম, মোবাইল নম্বর (আবশ্যক), ইমেইল (ঐচ্ছিক), পাসওয়ার্ড ও ভাষা দিন। ইমেইল না দিলে তিনি **মোবাইল নম্বর দিয়েই লগইন** করবেন।
- একই ফর্মে মালিকবিহীন দোকান বরাদ্দ দিন। একজন দোকানদারের একাধিক দোকান থাকতে পারে।
- পাসওয়ার্ড ভুলে গেলে **সম্পাদনা** থেকে নতুন পাসওয়ার্ড দিন।
- **নিষ্ক্রিয়** করলে তিনি লগইন করতে পারবেন না, কিন্তু দোকান, বিল ও পেমেন্টের রেকর্ড থাকবে। দোকান ছেড়ে দিলে অ্যাকাউন্ট মুছে ফেলুন; দোকানটি মালিকবিহীন হয়ে যাবে।

৩.৫ কর্মী (কালেক্টর)

- **কর্মী নতুন কর্মী:** নাম, মোবাইল, ইমেইল, পাসওয়ার্ড ও পাসওয়ার্ড নিশ্চিতকরণ দিন এবং দায়িত্বের দোকানগুলো টিক দিন।
- **সেটিংস কর্মীর অনুমতি** থেকে ঠিক করুন কালেক্টর কী কী পারবেন: নতুন দোকান তৈরি, ভাড়া পরিবর্তন, এসএমএস পাঠানো, সব দোকান দেখা, অভিযোগ পরিচালনা।
- কর্মীর পাতায় তার মোট আদায়, চলতি মাসের আদায় ও দায়িত্বের দোকানের বকেয়া দেখা যায়। কেউ চলে গেলে **নিষ্ক্রিয়** করুন।

৩.৬ বিল

একসাথে সব দোকানের বিল (প্রস্তাবিত): বিল **বাল্ক বিল তৈরি** মাস ও পরিশোধের শেষ তারিখ দিন। সব সক্রিয় দোকানের বিল একবারে তৈরি হবে; যে দোকানের ওই মাসের বিল আগে থেকেই আছে, সেটি বাদ যাবে। "আগের বকেয়া যুক্ত করুন" টিক থাকলে অপরিশোধিত বকেয়া নতুন বিলে যোগ হবে। "এসএমএস পাঠান" টিক দিলে প্রতিটি দোকানদারের মোবাইলে বিলের এসএমএস যাবে।

একক বিল: নির্দিষ্ট দোকানের জন্য ভাড়া, আগের বকেয়া, ছাড় ও বিলম্ব ফি হাতে বসিয়ে বিল তৈরি করুন।

- **বিলের অবস্থা:** বকেয়া (কিছুই পরিশোধ হয়নি), আংশিক, পরিশোধিত, মেয়াদোত্তীর্ণ (শেষ তারিখ পার হয়েছে — প্রতিদিন রাতে স্বয়ংক্রিয়ভাবে চিহ্নিত হয়)।
- **রিমাইন্ডার:** যেকোনো অপরিশোধিত বিলে **রিমাইন্ডার পাঠান** চাপলে দোকানদারের মোবাইলে বকেয়ার এসএমএস যায়। স্বয়ংক্রিয় রিমাইন্ডার চালু থাকলে সেটিংসে দেওয়া নিয়মে প্রতিদিন সকাল ১০টায় যায়।
- **পিডিএফ:** প্রতিটি বিল মার্কেটের লোগোসহ পিডিএফে ডাউনলোড ও প্রিন্ট করা যায়।
- **স্বয়ংক্রিয় মাসিক বিল:** সেটিংসে চালু থাকলে প্রতি মাসের ১ তারিখ সকাল ৬টায় সব সক্রিয় দোকানের বিল তৈরি হয় এবং (সেটিংস অনুযায়ী) এসএমএস যায়।

৩.৭ পেমেন্ট ও রসিদ

- **পেমেন্ট নতুন পেমেন্ট:** বিল বেছে নিন, টাকার পরিমাণ, মাধ্যম (নগদ, বিকাশ, নগদ অ্যাপ, ব্যাংক), লেনদেন নম্বর, তারিখ ও কে আদায় করেছেন তা দিন।
- পেমেন্ট এন্ট্রি দিলেই **রসিদ নম্বর** তৈরি হয়, বিলের বকেয়া কমে যায় এবং অবস্থা নিজে থেকে বদলায়। আংশিক পেমেন্ট করা যায়।
- "এসএমএস পাঠান" টিক দিলে দোকানদার পেমেন্ট নিশ্চিতকরণ এসএমএস পান (রসিদ নম্বরসহ)।
- ভুল এন্ট্রি হলে পেমেন্টটি **মুছে ফেলুন**; বিলের বকেয়া আগের অবস্থায় ফিরে যাবে।
- রসিদ পিডিএফে প্রিন্ট করে দোকানদারকে দেওয়া যায়।

৩.৮ অভিযোগ ও নোটিশ

- **অভিযোগ:** দোকানদার অ্যাপ থেকে অভিযোগ জানান (অগ্রাধিকার: কম/মাঝারি/উচ্চ)। আপনি কোনো কর্মীকে দায়িত্ব দিতে পারেন, অবস্থা বদলাতে পারেন (নতুন চলমান সমাধান হয়েছে বন্ধ) এবং মন্তব্য লিখতে পারেন।
- **নোটিশ:** শিরোনাম ও বিবরণ লিখে সবার জন্য, শুধু দোকানদারদের জন্য বা শুধু কর্মীদের জন্য প্রকাশ করুন। গুরুত্বপূর্ণ নোটিশ পিন করুন এবং চাইলে মেয়াদ দিন।

৩.৯ রিপোর্ট

রিপোর্ট	কী দেখায়
সংগ্রহ রিপোর্ট	তারিখ অনুযায়ী আদায়, মাধ্যম ও কালেক্টরসহ

রিপোর্ট	কী দেখায়
বকেয়া রিপোর্ট	দোকান অনুযায়ী মোট বকেয়া ও কত মাসের
দোকান রিপোর্ট	সব দোকানের তালিকা, ভাড়া ও অবস্থা
মাসিক সারসংক্ষেপ	প্রতি মাসে বিল, আদায় ও বকেয়া
কর্মী পারফরম্যান্স	কালেক্টর অনুযায়ী আদায়
বিল রিপোর্ট	নির্দিষ্ট সময়ের সব বিল ও অবস্থা

প্রতিটি রিপোর্ট তারিখের সীমা দিয়ে ফিল্টার করে **পিডিএফ** বা **এক্সেল**-এ ডাউনলোড করা যায়। কমিটির সভায় পিডিএফটি সরাসরি উপস্থাপন করতে পারেন।

৩.১০ এসএমএস

- **কীভাবে যায়:** সাধারণভাবে এসএমএস ডিউট্যাপের গেটওয়ে দিয়ে যায় এবং আপনার **এসএমএস ক্রেডিট** থেকে কাটে। প্রতিটি এসএমএস অংশে (৭০ বাংলা অক্ষর) ১ ক্রেডিট; লম্বা বার্তায় ২–৩ ক্রেডিট লাগতে পারে। ব্যর্থ এসএমএসের ক্রেডিট ফেরত আসে।
- **ব্যালেন্স:** সেটিংস এসএমএস অংশে বর্তমান ক্রেডিট ও ক্রেডিট ইতিহাস দেখুন। প্ল্যানে প্রতি মাসে নির্দিষ্ট ক্রেডিট অন্তর্ভুক্ত; বেশি লাগলে বিকাশ/নগদে রিচার্জ করে ট্রানজেকশন আইডি সাপোর্টে পাঠান — ক্রেডিট যোগ হয়ে যাবে।
- **বার্তার লেখা:** সেটিংস এসএমএস এসএমএস বার্তার লেখা থেকে তিন ধরনের বার্তা (বিল তৈরি, রিমাইন্ডার, পেমেন্ট গৃহীত) নিজের মতো সাজান। প্লেসহোল্ডার যেমন `{shop_owner}`, `{shop_no}`, `{amount}`, `{month}`, `{invoice_no}`, `{due_date}`, `{receipt_no}`, `{due_amount}`, `{market}` স্বয়ংক্রিয়ভাবে বসে যায়। প্রিভিউতে অক্ষর ও এসএমএস সংখ্যা দেখা যায়।
- **নিজের গেটওয়ে:** bulksmsbd.net-এ নিজের অ্যাকাউন্ট থাকলে সেটিংসে এপিআই কী ও সেন্ডার আইডি দিন; তখন ক্রেডিট কাটবে না, গেটওয়ে সরাসরি বিল করবে।
- **এসএমএস যাচ্ছে না?** অধ্যায় ৭ দেখুন।

৩.১১ একাধিক মার্কেট ও ব্যবস্থাপক

- **একাধিক মার্কেট:** একই লগইন দিয়ে একাধিক মার্কেট চালানো যায়। **আমার মার্কেট** পাতা থেকে নতুন মার্কেট খুলুন (প্রতিটি মার্কেটের নিজস্ব প্ল্যান, ট্রায়াল ও এসএমএস ক্রেডিট থাকে)। বাঁ পাশের মেনুর উপরে মার্কেটের নামে চাপ দিয়ে যেকোনো সময় মার্কেট বদলান; দোকান, বিল ও রিপোর্ট — সব ওই মার্কেটের দেখাবে।
- **ব্যবস্থাপক:** কমিটির সেক্রেটারি, হিসাবরক্ষক বা অংশীদারকে **ব্যবস্থাপক** পাতা থেকে যুক্ত করুন। তাঁরা মালিকের মতোই সবকিছু দেখতে ও করতে পারবেন। ইতিমধ্যে অন্য মার্কেট চালান এমন কাউকে তাঁর মোবাইল বা ইমেইল দিয়ে যুক্ত করলে তিনি একই লগইনে এই মার্কেটও পাবেন। কাউকে সরিয়ে দিলে তিনি এই মার্কেটে আর ঢুকতে পারবেন না।

৩.১২ সাবস্ক্রিপশন

- সেটিংসের উপরে আপনার প্ল্যান, মেয়াদ, দোকানের সীমা ও এসএমএস ক্রেডিট দেখা যায়।
- **নবায়ন:** বিকাশ, নগদ বা ব্যাংকে প্ল্যানের টাকা পাঠিয়ে ট্রানজেকশন আইডি সাপোর্টে (ফোন/হোয়াটসঅ্যাপ) জানান। সাথে সাথে মেয়াদ বাড়িয়ে দেওয়া হয় এবং ওই মাসের এসএমএস ক্রেডিট যোগ হয়। বার্ষিক প্ল্যানে প্রতি মাসে ক্রেডিট আসে।
- **মেয়াদ শেষ হলে** মার্কেটের সব ব্যবহারকারী একটি নবায়ন পাতা দেখবেন; কোনো তথ্য মুছে যায় না। পেমেন্ট রেকর্ড হলেই আগের মতো কাজ চলবে।
- **ডেটা এক্সপোর্ট:** সেটিংসের নিচে সব তথ্য ডাউনলোড থেকে যেকোনো সময় মার্কেটের সম্পূর্ণ তথ্য (দোকান, বিল,

পেমেন্ট) ডাউনলোড করা যায়।

৪. কালেক্টরের গাইড

1. **লগইন** করুন মার্কেট মালিকের দেওয়া মোবাইল/ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে। মোবাইলে হোম স্ক্রিনে যোগ করে নিলে সুবিধা হবে।
2. **ড্যাশবোর্ডে** আজকের আদায়, দায়িত্বের দোকান ও তাদের বকেয়া দেখুন।
3. **দোকান** মেনুতে শুধু আপনার দায়িত্বের দোকান দেখাবে (মালিক অনুমতি দিলে সব দোকান)। দোকানে ঢুকলে তার অপরিশোধিত বিল দেখা যায়।
4. **পেমেন্ট নিন:** বিল বেছে নিন টাকার পরিমাণ লিখুন "এসএমএস পাঠান" টিক দিন সংরক্ষণ। রসিদ নম্বর তৈরি হবে; দোকানদার নিশ্চিতকরণ এসএমএস পাবেন। রসিদ পিডিএফ প্রিন্ট বা দোকানদারকে দেখাতে পারেন।
5. আংশিক টাকা নিলে বাকিটা বকেয়া হিসেবে থেকে যাবে। ভুল হলে মালিককে জানান; পেমেন্ট মুছে ফেলার অধিকার মালিকের।

৫. দোকানদারের গাইড

1. **লগইন** করুন আপনার **মোবাইল নম্বর** (বা ইমেইল) ও মার্কেট থেকে দেওয়া পাসওয়ার্ড দিয়ে।
2. **ড্যাশবোর্ডে** আপনার দোকান, চলতি মাসের বিল, মোট বকেয়া ও সাম্প্রতিক পেমেন্ট দেখুন। একাধিক দোকান থাকলে সবগুলো একসাথে দেখাবে।
3. **আমার বিল** পাতায় প্রতি মাসের বিল, কত পরিশোধ করেছেন, **কবে কত দিয়েছেন** এবং কত বাকি — সব দেখা যায়। বছর বা দোকান দিয়ে ফিল্টার করুন। যেকোনো বিল **পিডিএফ**-এ ডাউনলোড করুন।
4. **অভিযোগ:** পানি, বিদ্যুৎ, নিরাপত্তা বা অন্য যেকোনো সমস্যায় অভিযোগ জানান; কমিটি সমাধান করলে অবস্থা বদলে যাবে এবং আপনি মতামত দিতে পারবেন।
5. **নোটিশ:** কমিটির নোটিশ এখানে পাবেন।
6. বিল তৈরি হলে, পরিশোধের শেষ তারিখের আগে ও বকেয়া থাকলে আপনার মোবাইলে এসএমএস আসবে — স্মার্টফোন না থাকলেও।

৬. প্ল্যাটফর্ম অ্যাডমিনের গাইড (শুধু ডিউট্যাপ টিমের জন্য)

- **মার্কেট:** নতুন মার্কেট তৈরি (প্ল্যান ও ট্রায়ালসহ), মার্কেটের বিস্তারিত, দোকান ও ব্যবহারকারী।
- **ব্যবহারকারী:** যেকোনো ভূমিকার ব্যবহারকারী তৈরি/সম্পাদনা। দোকানদার তৈরির সময় মার্কেট বেছে নিলে ওই মার্কেটের মালিকবিহীন দোকান বরাদ্দ দেওয়া যায়।
- **প্ল্যান:** মূল্য (মাসিক/বার্ষিক), দোকানের সীমা, মাসিক এসএমএস ক্রেডিট, ট্রায়াল দিন ও ফিচার (যেমন ব্র্যান্ডেড সেন্ডার আইডি)। একটি প্ল্যানকে সাইনআপের ডিফল্ট করা যায়।
- **সাবস্ক্রিপশন:** সব মার্কেটের অবস্থা ও মেয়াদ; মার্কেট ধরে অফলাইন পেমেন্ট রেকর্ড করে সক্রিয়/নবায়ন, ট্রায়াল শুরু বা বাতিল। প্রতিদিন রাতে মেয়াদোত্তীর্ণ সাবস্ক্রিপশন স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়।
- **এসএমএস ক্রেডিট:** মার্কেট ধরে ক্রেডিট যোগ/কাটা (সাবস্ক্রিপশন, অফলাইন রিচার্জ, সমন্বয়) ট্রানজেকশন আইডিসহ; সম্পূর্ণ লেজার।
- **এসএমএস গেটওয়ে:** প্ল্যাটফর্মের bulksmsbd.net এপিআই কী, সেন্ডার আইডি, কম-ক্রেডিট সীমা, ডিফল্ট বার্তার

লেখা, গেটওয়ে ব্যালেন্স, টেস্ট এসএমএস এবং ব্যর্থতার কারণসহ পূর্ণ এসএমএস লগ।

- **স্বয়ংক্রিয় কাজ:** সার্ভারে প্রতি মিনিটে শিডিউলার চালু থাকতে হবে (হোস্টিং গাইড দেখুন)। এতে মাসিক বিল, রিমাইন্ডার, মেয়াদোত্তীর্ণ চিহ্নিতকরণ ও সাবস্ক্রিপশন প্রক্রিয়া চলে।

৭. সাধারণ সমস্যা ও সমাধান

সমস্যা	কারণ ও সমাধান
এসএমএস যাচ্ছে না	(১) এসএমএস ক্রেডিট শেষ — সেটিংস এসএমএস-এ ব্যালেন্স দেখুন, রিচার্জ করুন। (২) দোকানদারের মোবাইল নম্বর ভুল বা নেই — দোকান মালিকের তথ্যে ১১ ডিজিটের নম্বর দিন। (৩) বিল তৈরির পর যে বার্তা দেখায় সেখানে কারণ লেখা থাকে; সমাধান না হলে সাপোর্টে জানান।
লগইন হচ্ছে না	মোবাইল নম্বর ঠিক আছে কি না দেখুন; একই নম্বর দুই মার্কেটে থাকলে ইমেইল দিয়ে চেষ্টা করুন। অ্যাকাউন্ট নিষ্ক্রিয় থাকলে মার্কেট মালিককে বলুন। পাঁচবার ভুল পাসওয়ার্ড দিলে কিছুক্ষণ অপেক্ষা করতে হয়।
“সাবস্ক্রিপশনের মেয়াদ শেষ” পাতা দেখাচ্ছে	মেয়াদ পার হয়েছে। পেমেন্ট করে সাপোর্টে ট্রানজেকশন আইডি পাঠান; রেকর্ড হলেই প্রবেশ চালু হবে। তথ্য মুছে যায়নি।
নতুন দোকান যোগ করা যাচ্ছে না	প্ল্যানের দোকানের সীমা পূর্ণ। প্ল্যান আপগ্রেডের জন্য সাপোর্টে যোগাযোগ করুন।
বাল্ক বিলে কিছু দোকান বাদ পড়েছে	ওই দোকানের ওই মাসের বিল আগে থেকেই ছিল, অথবা দোকানের অবস্থা খালি/স্থগিত।
লোগো দেখাচ্ছে না	ছবি ২ MB-এর ছোট PNG/JPG হতে হবে। আপলোডের পর পাতাটি রিফ্রেশ করুন।
রিপোর্টের পিডিএফে বাংলা ভেঙে যাচ্ছে	পিডিএফ ভিউয়ার পুরনো হলে এমন হতে পারে; Chrome বা Adobe Reader দিয়ে খুলুন।

৮. সাপোর্ট

যেকোনো প্রশ্নে ফোন বা হোয়াটসঅ্যাপে যোগাযোগ করুন: **01805995662** (প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা)। ওয়েবসাইট: **duetap.com** · ফেসবুক পেজ: **facebook.com/duetapapp**। প্রথম মাসে সেটআপ ও প্রশিক্ষণে আমরা সরাসরি সহায়তা করি।